অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

নতুন বেলমন্ট পার্ক এরিনার কাজ শুরু করছেন গভর্নর কুওমো

নিউ ইয়র্ক আইল্যান্ডার্সরা (New York Islanders) এই মৌশমে 28টি গেম খেল্বে নাসাউ কলেসিয়ামে (Nassau Coliseum) – যা হল আগে যা পরিকল্পিত ছিল তার চেয়ে 7টি বেশি

নির্মাণ কাজ 10,000 কর্মসংস্থান তৈরি করবে এবং অর্থনৈতিক কার্যকলাপে 2.7 বিলিয়ন মার্কিন ডলার উৎপাদন করবে

হালনাগাদ করা প্রকল্পের রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ নিউ ইয়র্ক আইল্যান্ডার্সদের, জাতীয় হকি লীগ (National Hockey League, NHL) কমিশনার গ্যারি বেইটম্যান, স্থানীয় নেতা ও হকি সমর্থকদের নিয়ে নিউ ইয়র্ক আইল্যান্ডার্সের 1.3 বিলিয়ন মার্কিন ডলারের বেলমন্ট পার্কের রিডেভেলপমেন্টের কেন্দ্রস্থল বেলমন্ট পার্কে নতুন এরিনাতে কাজ শুরু করার জন্য যোগ দিয়েছেন। এছাড়া গভর্নর কুওমো ঘোষণা করেছেন টিমটি 2019-2020 মৌসুমে নাসাউ ভেটেরানের মেমোরিয়াল কলিসীয়ামে 28টি নিয়মিত মৌসুমের খেলা খেলতে সম্মত হয়েছে, যা পূর্বে পরিকল্পিত খেলার তুলনায় সাতটি বেশি। এই ঘোষণাগুলো বেলমন্ট পার্ককে একটি প্রিমিয়ার স্পোর্টস এবং আতিথেয়তার গন্তব্যে পরিবর্তন করার জন্য লং আইল্যান্ডের অর্থনীতিতে শক্তি যোগানর জন্য গভর্নরের প্রচেষ্টাকে আরও বেশি বলিষ্ঠ করে।

"আইল্যান্ডার্সরা লং আইল্যান্ডের অংশ – এবং আজ আমরা এই দল এবং তাদের ভক্তদের প্রাপ্য অত্যাধুনিক বাসস্থান গড়ে তোলা শুরু করছি, এই অঞ্চলের অর্থনীতির জন্য কয়েক হাজার কর্মস্থান এবং কয়েক কোটি টাকা উৎপাদন করার সাথে সাথে", **গভর্নর কুওমো বলেন।** "এই মৌসুমে কলিসীয়ামে আরো সাতটি আইল্যান্ডার্স খেলার সাথে সাথে ভক্তরা তাদের প্রিয় দলকে দেখার জন্য আরো বেশি সুযোগ পাবে এবং দুই বছরের মধ্যে তাদের নতুন বাসায় যাওয়ার জন্য প্রয়োজনীয় ভরবেগ তৈরি করবে। অবশেষে এই প্রকল্পটি মূলত দুটি মহান লং আইল্যান্ড ঐতিহ্যর উপর ভিত্তির উপর গড়ে তোলার সম্বন্ধে – বেলমন্ট পার্ক এবং দ্যা আইল্যান্ডার্স- এবং এদেরে আগের চেয়েও আরও অসাধারণ করে তোলার সম্পর্কে।"

"বেলমন্ট পার্কে নতুন এরিনার নির্মাণ আইল্যান্ডার্সদের বাসস্থান পুনর্নির্মাণ করবে, আরো বেশি ক্রীড়া ও অনুষ্ঠান সমর্থন করবে এবং এই অঞ্চলে দর্শনার্থী বৃদ্ধি করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি**

হোচুল বলেন। "এই উল্লেখযোগ্য প্রকল্পটি একটি ক্রীড়া গন্তব্য হিসেবে বেলমন্ট পার্ককে স্থাপন করবে ও কয়েক হাজার কর্মসংস্থান তৈরি করবে এবং লং আইল্যান্ডের অর্থনৈতিক ক্রিয়াকলাপ বাড়াবে।"

নিউ ইয়র্ক আইল্যান্ডার্সের সহ-মালিক জন লেডেকি বলেন, "আমরা আমাদের বিশ্বস্ত ভক্তদের সাথে এই ঐতিহাসিক দিনটি উদযাপন করি এবং গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই, যিনি শুরু থেকে বেলমন্ট পার্ক এরিনা প্রকল্পটিকে সমর্থন করেছেন। আইল্যান্ডার্সরা এই ফ্রাঞ্চাইজির মাইলফলকে পৌঁছানোর জন্য নির্বাচিত কর্মকর্তা এবং আমাদের সম্প্রদায়কে ধন্যবাদ জানায়।"

NHL কমিশনার গ্যারি বেটম্যান বলেন, "গভর্নর কুওমোর অঙ্গীকারবদ্ধতা, আত্মনিবেদনের ও দর্শনের জন্য আইল্যান্ডার্সের ভক্তরা একটি বিশ্বমানের বাসস্থান পাচ্ছেন যা এই দলের প্রাপ্য। দ্যা আইল্যান্ডার্সরা লং আইল্যান্ডের অন্তর্গত এবং এই ফ্রাঞ্চাইজির ভবিষ্যৎ অবিশ্বাস্যরকম উজ্জ্বল।"

ডিসেম্বর 2017-এ ঘোষণা করা বেলমন্ট পুনর্বিকাশ প্রকল্প বেলমন্ট পার্কে 43 একরের স্বল্প-ব্যবহৃত পার্কিং লটকে একটি প্রিমিয়ার স্পোর্টস ও আতিথেয়তার গন্তব্যে পরিণত করবে, যার মধ্যে থাকবে নিউ ইয়র্ক আইল্যান্ডার্স হকি দলের এবং অন্যান্য অনুষ্ঠানের জন্য একটি নতুন 19,000-সিট এরিনা, একটি 250-কী হোটেল, একটি অত্যাধুনিক রিটেল ভিলেজ ও অফিস ও কমিউনিটি স্পেস অন্তর্ভুক্ত। এছাড়াও, প্রকল্পের ডেভেলপার - নিউ ইয়র্ক বেলমন্ট পার্টনার্স - পার্শ্ববর্তী সম্প্রদায়ের দুটি স্থানীয় পার্কের উন্নতিসাধনও করবে।

একটি উদ্ভাবনী পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে, ডেভেলপাররা একটি নতুন পূর্ণকালীন লং আইল্যান্ড রেল রোড স্টেশনের অর্থায়ন করতে সাহায্য করবে এলমন্টে — যা প্রায় 50 বছরের মধ্যে প্রথম নতুন, পূর্ণ সময়ের (Long Island Rail Road, LIRR) স্টপ। এই নতুন স্টেশনটি যাত্রীদের পূর্ব ও পশ্চিম উভয় থেকেই নতুন এরিনা, হোটেল, এবং খুচরা গ্রামে প্রবেশ করতে দেবে, লং আইল্যান্ডের দ্বীপবাসীদের জন্য নতুন একটি যাতায়াতের বিকল্প প্রদান করার সাথে।

2021-2022 হকি মরসুমের জন্য নতুন এরিনাটি সময় মত শেষ হওয়ার কথা। আগামী দুই বছর ধরে এরিনা, হোটেল ও খুচরা গ্রাম নির্মাণের ফলে 10,000 কর্মসংস্থান সৃষ্টি হবে ও অর্থনৈতিক ক্রিয়াকলাপে 2.7 বিলিয়ন মার্কিন ডলার উৎপাদন হবে বলে আশা করা হচ্ছে। 2024 সালের মধ্যে এই প্রকল্পের মাধ্যমে 3,200টি নতুন পূর্ণকালীন চাকুরি টিকিয়ে রাখা, বার্ষিক অর্থনৈতিক কার্যকলাপে 858 মিলিয়ন মার্কিন ডলার উৎপাদন করা এবং নতুন বার্ষিক কর রাজস্বে লক্ষ্য লক্ষ্য মার্কিন ডলার উৎপাদন করবে বলে আশা করা হচ্ছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার, প্রেসিডেন্ট ও নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "যে অসাধারণ সুবিধাগুলি লং আইল্যান্ডে নিয়ে আসবে এই প্রকল্প তার জন্য আমরা গর্বিত - চাকরি এবং নতুন কর রাজস্ব থেকে দ্বীপবাসীদের জন্য একটি স্থায়ী গৃহ - এবং আজ এর কাজ শুরু করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। এই প্রকল্পটি একটি উন্মুক্ত, শক্তসমর্থ সহযোগিতামূলক প্রক্রিয়ার মধ্য দিয়ে গেছে, এবং আমি স্বীকার

করতে চাই সেই সব নিউ ইয়র্কবাসীদের যারা অংশগ্রহণ করেছেন, খানে বেলমন্টে একটি ভালো প্রজেক্ট তৈরি করতে সাহায্য করে, যার জন্য আমরা সবাই গর্বিত হতে পারি।"

2019 অক্টোবরে শুরু করে আইল্যান্ডাররা NYCB লাইভে 28টি নিয়মিত সিজন গেম খেলতে সম্মত হয়েছে, যা নাসাই ভেটারান্স মেমোরিয়াল কলিসিয়ামের (Nassau Veteran's Memorial Coliseum) আবাসস্থল, 2019-2020 হকি সিজনের সময় — যা এর আগে ঘোষিত গেমের সংখ্যার চেয়ে সাতটি বেশি। মোট 2019-2020 মরসুমের টিমের নিয়মিত সিজন হোম গেমসের 68 শতাংশ এখন কলিসিয়ামে খেলা হবে। এই ভবনে স্টেট-ফান্ডেড আপগ্রেডেশনের মাধ্যমে 6 মিলিয়ন মার্কিন ডলারের কারণে কলিসিয়ামে খেলতে পারছে দলটি। 2018 সালের জানুয়ারি মাসে গভর্নর কুওমো ঘোষণা করেন যে আইল্যান্ডাররা লং আইল্যান্ডে ফিরে আসবেন নির্ধারিত সময়ের তিন বছর আগে, পরে ঘোষণা করেন যে দলটি 20টি গেম খেলবে — বা মোটামুটি তাদের নিয়মিত মরসুমের অর্ধেক হোম গেমস খেলবে — লং আইল্যান্ডে।

প্রায় দুই বছর ধরে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং নিউ ইয়র্ক বেলমন্ট পার্টনার্স (New York Belmont Partners) এবং তাদের অ্যাফিলিয়েট, নিউ ইয়র্ক এরিনা পার্টনার্স (New York Arena Partners) - যা স্টার্লিং ইকুইটি (Sterling Equities),, স্কট মালকিন গ্রুপ (Scott Malkin Group) এবং ওক ভিউ গ্রুপের (Oak View Group) মধ্যে একটি যৌথ উদ্যোগ, — বেলমন্ট রিডেভেলপমেন্ট প্রজেক্টকে (Belmont Redevelopment Project) পরিচালিত করেছে একটি কঠোর ও স্বচ্ছ পাবলিক রিভিউ প্রক্রিয়ার মাধ্যমে, যার মধ্যে রয়েছে 12টি জনসভা ও শুনানি এবং স্থানীয় সংগঠন ও স্টেকহোল্ডারদের সঙ্গে কয়েক ডজন বৈঠক। স্থানীয় কর্মকর্তা, কমিউনিটি মেম্বার এবং প্রকল্পের কমিউনিটি অ্যাডভাইজরি কমিটির (Community Advisory Committee) কাছ থেকে প্রাপ্ত নিবেশকে ধন্যবাদ, প্রকল্পটি প্রতিটি পর্যালোচনার পুনরাবৃত্তিতে উন্নত হয়ে উঠেছে - যার চূড়ান্তটি হল নতুন এলমন্ট লং আইল্যান্ড রেইলরোড (Long Island Rail Road, LIRR) স্টেশন যোগ হওয়া। এই গ্রীষ্মে, আগে, এই প্রকল্পটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ড অফ ডিরেক্টর্স (Empire State Development Board of Directors), ফ্রাঞ্চাইজি ওভারসাইট বোর্ড (Franchise Oversight Board) এবং পাবলিক অথোরিটিজ কন্ট্রোল বোর্ডের (Public Authorities Control Board) কাছ থেকে তার সরকারী অনুমোদন পেয়েছে।

গভর্নর কুওমো পদে আসীন হবার পর যে লক্ষ্য লক্ষ্য ডলার লং আইল্যন্ডে বিনিয়োগ করা হয়েছে বেলমন্ট রিডেভেলপমেন্ট তার সম্পূরকের কাজ করেছে - অঞ্চলটির বিশ্বমানের শিক্ষাগত এবং গবেষণামূলক প্রতিষ্ঠানগুলিকে সমর্থন করে, ডাউটাউনগুলিকে পুনরুজ্জিবীত করে, কৃষি, নির্মাণ এবং জীব বিজ্ঞানের বিভাগগুলিকে উন্নত করে, পরিকাঠামোকে উন্নত করে এবং লং আইল্যান্ডের পর্যটন শিল্পে বিনিয়োগ করে। এই প্রতিশ্রুতিগুলিকে ধন্যবাদ, লং আইল্যণ্ডের বেকারত্বের হার 2011 সালের জুনে 7.1% থেকে 3.1% এ দাঁড়িয়েছে এই বছর, এবং পর্যটনের ব্যয় 20% এর বেশি বেড়ে হয়েছে প্রায় 6 বিলিয়ন মার্কিন ডলার। যে 28 মিলিয়ন পর্যটক প্রতি বছর লং আইল্যান্ডে আসেন 75,000 এর বেশি কর্মসংস্থানে সহায়তা করেন।

সিনেটর লিরয় কমরি বলেন, "গভর্নর কুওমো, প্রজেক্ট প্রিন্সিপাল এবং নিউ ইয়র্ক আইল্যান্ডারদের প্রতি আমার অভিনন্দন বেলমন্ট পার্ক ডেভেলপমেন্ট প্রজেক্টের প্রতি আপনাদের দৃঢ় অঙ্গিকারবদ্ধতার জন্য। আমরা আজ এখানে, এই রুপান্তরণকারী প্রকল্পের কাজ শুরু করতে পেরেছি, একটি চিন্তাশীল এবং সহযোগিতামূলক প্রক্রিয়ার জন্য যা অধিবাসী, প্রবক্তা এবং সম্প্রদায়ের অংশীদারদের নিয়োজিত করেছে। আমি বিশেষভাবে একটি পূর্ণ সেবা প্রদানে সক্ষম LIRR স্টেশন তৈরি, স্থানীয় রাস্তার জন্য একটি ব্যাপক ট্রাফিক প্রশমন কৌশল এবং আমাদের স্থানীয় অধিবাসীদের জন্য ক্রস আইল্যান্ড পার্কওয়ে এবং জীবনধারণের উপযুক্ত মজুরী সহ চাকরীতৈরি হবার প্রতি উন্মুখ হয়ে রয়েছি।"

সেনেটর আন্না এম. কাপলান বলেছেন, "আজকের কাজ শুরুর প্রক্রিয়া একটি ব্যাপক এবং বলিষ্ঠ পরিকল্পনা প্রক্রিয়ার চূড়ান্ত ফল যার ফলে একটি আমাদের স্থানীয় অর্থনীতিকে সমর্থন করে, আমাদের কমিউনিটিতে বিনিয়োগ করে, এবং দ্বীপবাসীদের নিজের বাড়িতে ফিরিয়ে নিয়ে আসে এমন একটি প্রকল্প তৈরি হয়েছে। আমি গভর্নর কুওমো, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD)-এর কর্মী এবং সকল কমিউনিটির সদস্যদের ধন্যবাদ জানাই, যারা এই প্রকল্পের জন্য নিবেশ করেছেন একটি বলিষ্ঠ কথোপকথনে অংশ নিয়ে, এবং একসাথে কাজ করেছেন নিশ্চিত করার জন্য যে এই প্রকল্পটি প্রকৃতই লং আইল্যান্ডের জন্য উন্নয়ন নিয়ে আসবে।"

সেনেটর টড কামিনস্কি বলেন, "বেলমন্ট পার্ক পুনর্নবীকরণ প্রকল্প সম্প্রদায় এবং লং আইল্যান্ডের জন্য - একটি যুগান্তকারী প্রকল্প হয়ে ওঠার জন্য প্রস্তুত। আমাদের অঞ্চলের এই অত্যাবশ্যক বিনিয়োগ বিনোদন, বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি হাব হিসেবে বেলমন্টকে রূপান্তরিত করবে এবং আমাদের প্রিয় আইল্যান্ডার্সদের বাড়িতে নিয়ে আসবে। এই রূপান্তরমূলক প্রকল্পের সাফল্য নিশ্চিত করতে পার্শ্ববর্তী সম্প্রদায়গুলির সঙ্গে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ থাকলাম।"

অ্যাসেম্বলি সদস্য ক্লাইড ভ্যানেল বলেন, "বেলমন্ট পার্কের পার্শ্ববর্তী সম্প্রদায়গুলি বিশেষ করে ইস্টার্ন কুইন্স এবং এলমন্ট দীর্ঘদিন ধরে চিন্তাশীল অর্থনৈতিক উন্নয়ন এবং ট্রানজিটে বিনিয়োগ কামনা করে আসছে — এবং ঠিক সেটাই এই প্রকল্পটি সৃষ্টি করবে। নতুন কর্মসংস্থান, নতুন অর্থনৈতিক ক্রিয়াকলাপ, এবং নতুন সুযোগ-সুবিধা যা এই প্রকল্পটি তৈরি করবে তার জন্য আমরা উচ্ছ্বসিত এবং গভর্নর কুওমোকে তাঁর দর্শন ও নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি আজ এটা বাস্তবায়িত করার জন্য।"

নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কুরান বলেন, "এই কাজের শুরু একটি মাইলফলক যা নাসাউ কাউন্টির জন্য নতুন এক যুগকে চিহ্নিত করেছে। না পাওয়ার ভূমিকে বিদায় জানান - আমরা আবার বৃদ্ধি পাচ্ছি এবং ভবিষ্যতের জন্য তৈরি হচ্ছি। এখানে বেলমন্টে হোক, নতুন হাবে হোক, আমাদের পুনরুজ্জিবীত ডাউনটাউনে হোক, বা আমাদের কাউন্টি জুড়ে নতুন ট্রানজিট-মুখী উন্নয়নই হোক - আমরা নাসাউ কাউন্টিকে জীবন যাপন করার, কাজ করার এবং বিনোদনের জন্য একটি প্রাণবন্ত জায়গা তৈরি করার প্রচেষ্টাকে হ্যাঁ বলছি। অর্থনৈতিক সুযোগকে হ্যাঁ, একটি উন্নত সর্বজনীন পরিবহণ সিস্টেমকে হ্যাঁ, এবং এখানে আইল্যান্ডার্সদের খেলাকে হ্যাঁ বলছি, যেখানে তাদের প্রকৃত স্থান। বেলমন্টের এই উন্নয়ন আমাদের জন্য তিনটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য প্রাপ্ত করবেঃ আমাদের

অর্থনীতিকে বাড়িয়ে তোলা, আমাদের সর্বজনীন পরিবহণ নেটওয়ার্ক প্রসারিত করা, আমাদের আইল্যান্ডারদের বাড়িতে ফিরিয়ে নিয়ে আসা -- যা নাসাউ কাউন্টির জন্য একটি হ্যাটট্রিক হবে।"

শহর হ্যাম্পস্টিডের সুপারভাইজার লরা গিলেন বলেন, "আমি সন্তুষ্ট যে আমি সেই সুপারভাইজর যে NY আইল্যান্ডারদের ফিরিয়ে আনার সময় স্বাগত জানাবো এবং প্রচারণা অব্যাহত রাখবো যাতে কমিউনিটি বেনিফিটগুলি প্রদান করা হয় এবং পার্শ্ববর্তী সম্প্রদায়ের জন্য প্রভাবগুলি প্রশমিত করা যায়।"

নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশনের (New York Racing Association, NYRA) নির্বাহী কর্মকর্তা এবং সভাপতি ডেভ ও'রুর্ক বলেন, "নিউ ইয়র্ক আইল্যান্ডারদের বেলমন্ট পার্কে স্বাগত জানাতে পেরে আমরা উৎফুল্ল। এই প্রকল্পটি এখন এবং ভবিষ্যতে অগণিত নতুন ইয়র্কবাসীদের জন্য চাকুরি এবং অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করবে এবং দশকের পর দশক ধরে বেলমন্ট পার্কে থরোব্রেডদের দৌড়ের সাফল্যে অবদান রাখবে।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন